

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-৮ (ভোকেশনাল-৩)
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।
ওয়েব সাইট : www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯২.৩১.১৪২.১৫- ২০২

তারিখঃ ০৭/০৩/২০১৭খ্রিঃ

বিষয় : নওগাঁ জেলার মান্দা উপজেলাধীন মান্দা বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট-এ শিক্ষকের জ্যেষ্ঠতা লংঘন করে সহকারী অধ্যাপক স্কেল প্রাপ্তি প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের আলোকে তার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নওগাঁ জেলার মান্দা উপজেলাধীন মান্দা বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট-এ শিক্ষকের জ্যেষ্ঠতা লংঘন করে জনাব মোঃ কামরুল ইসলামের সহকারী অধ্যাপক স্কেল প্রাপ্তির বিষয়ে অভিযোগ রয়েছে। জনাব মোঃ শাহজাহান আলী, প্রভাষক(হিসাব রক্ষণ) অভিযোগে উল্লেখ করেন তিনি দ্বিতীয় জ্যেষ্ঠ হওয়া সত্ত্বেও তাকে বাদ দিয়ে ৪র্থ জ্যেষ্ঠ জনাব মোঃ কামরুল ইসলাম, প্রভাষক(বাংলা) ভূয়া তথ্যাদির মাধ্যমে সহকারী অধ্যাপক হিসেবে স্কেল প্রাপ্ত হয়েছেন।

২) প্রতিষ্ঠানটির এইচএসসি(ব্যবসায় ব্যবস্থাপনা) শাখায় ০৭(সাত) জন প্রভাষক এমপিও ভুক্ত। জনবল কাঠামো নির্দেশিকা ০৪ ফেব্রুয়ারি ২০১০ এ প্রণীত (মার্চ ২০১৩ পর্যন্ত সংশোধিত) সহকারী অধ্যাপক স্কেলের প্রাপ্যতা ৫ঃ২ মোতাবেক ০৭(সাত) জন প্রভাষকের বিপরীতে দুইজন প্রভাষকের সহকারী অধ্যাপক পদের প্রাপ্যতা রয়েছে। উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক প্রেরিত পত্রে ১ম জ্যেষ্ঠ জনাব মোঃ বজলুর রশিদ, প্রভাষক(সেক্রেটারিয়াল সায়েন্স), ২য় জ্যেষ্ঠ জনাব মোঃ শাহজাহান আলী, প্রভাষক(হিসাব রক্ষণ), ৩য় জ্যেষ্ঠ জনাব জ্ঞানেন্দ্রনাথ মন্ডল, প্রভাষক(ব্যবস্থাপনা) ও ৪র্থ জ্যেষ্ঠ জনাব মোঃ কামরুল ইসলাম, প্রভাষক(বাংলা) এর নাম উল্লেখ রয়েছে।

৩) ৪র্থ জ্যেষ্ঠ এর সহকারী অধ্যাপক স্কেল প্রাপ্তির জন্য অধ্যক্ষ জনাব মোঃ রমজান আলী সাখিদার ও সভাপতি এর স্বাক্ষরিত রেজুলেশন, নিয়োগ পত্র, যোগদান পত্র ও জ্যেষ্ঠতার তথ্যছকসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদি অত্রদপ্তরে প্রেরণ করেন। এর প্রেক্ষিতে অত্রদপ্তর হতে জনাব মোঃ কামরুল ইসলাম, প্রভাষক(বাংলা) কে সহকারী অধ্যাপক স্কেল প্রদান করা হয়।

৪) ২য় জ্যেষ্ঠ হিসেবে জনাব মোঃ শাহজাহান আলী, প্রভাষক(হিসাব রক্ষণ) সহকারী অধ্যাপক স্কেল প্রাপ্তির জন্য ডকেট নং- ৭৫৮/১৫ তারিখঃ ১৭/০৬/২০১৫খ্রিঃ মূলে প্রতিষ্ঠান প্রধান ও সভাপতির মাধ্যমে প্রয়োজনীয় কাগজপত্রাদি অত্রদপ্তরে প্রেরণ করেন। ৪র্থ জ্যেষ্ঠ জনাব মোঃ কামরুল ইসলাম এর সহকারী অধ্যাপক স্কেল বাতিল করে ২য় জ্যেষ্ঠ জনাব মোঃ শাহজাহান আলী, প্রভাষক(হিসাব রক্ষণ) কে সহকারী অধ্যাপক স্কেল প্রদানের বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদানের জন্য প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করা হলো।

৫) ভূয়া কাগজপত্রাদি সরবরাহ করে সহকারী অধ্যাপক স্কেল প্রাপ্তি হওয়ায় এবং এ সংক্রান্ত বিষয়ে সহযোগীতা ও সুপারিশ করায় প্রতিষ্ঠানের অধ্যক্ষ জনাব মোঃ রমজান আলী সাখিদার এবং সহকারী অধ্যাপক(বাংলা) জনাব মোঃ কামরুল ইসলাম উভয়ের এমপিও কেন বন্ধ করা হবে না তা ব্যাখ্যাসহ প্রয়োজনীয় কাগজপত্রাদি আগামী ০৭(সাত) কর্মদিবসের মধ্যে অত্রদপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।


(মোঃ মিজানুর রহমান)
পরিচালক (ভোকেশনাল)

ও

যুগ্ম সচিব

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
টেলিফোনঃ ০২৯১১১০২৩

১। অধ্যক্ষ

মান্দা বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট, মান্দা, নওগাঁ।

২। জনাব মোঃ শাহজাহান আলী

সহকারী অধ্যাপক(হিসাব রক্ষণ)

মান্দা বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট, মান্দা, নওগাঁ।

অনুলিপিঃ

১। উপ-সচিব(কারিগরি-২), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। জেলা শিক্ষা কর্মকর্তা, মান্দা, নওগাঁ।

৩। সভাপতি, মান্দা বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট, মান্দা, নওগাঁ।

৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৫। পিএ টু মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।